**2021**

( Held in 2022 )

# BENGALI

Paper : BEN–HC–3016

( Honours Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) কিরণমালা কে?

(i) রাজকন্যা

(ii) কুকুরের ছানা

(iii) বিড়ালের ছানা

(iv) কাঠের পুতুল

(খ) অরুণ তার ভাইবোনকে রেখে কোথায় গিয়েছিল?

(i) মৃগয়ায়

(ii) ঘেসেড়ার বাড়ি

(iii) মায়াপাহাড়ে

(iv) পাকশালে

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজার কয় রানি ছিল ?

*(i)* এক

*(ii)* তিন

*(iii)* পাঁচ

*(iv)* সাত

(ঘ) ছোটরানির কোমরে সোনার শিকল কে বেঁধে দিয়েছিলেন ?

*(i)* বড়রানি

*(ii)* রাজা

*(iii)* পারুল

*(iv)* পাইক-পিয়াদা

(ঙ) 'তোমায় হৃদ্‌মাঝারে রাখিবো ছেড়ে দেবো না।' গানটির রচয়িতা কে ?

*(i)* জসিমউদ্দিন

*(ii)* লালন ফকির

*(iii)* দ্বিজভূষণ চাঁদ

*(iv)* পাঞ্জ শাহ





(চ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্দেশ করো :

"_____ বাউরি বাতাস
দোলায় মাথার ক্যাশ;"

*(i)* ভাটির দ্যাশের

*(ii)* কলাবনের

*(iii)* গহীন গাঙের

*(iv)* অফরবেলার

(ছ) রাধার প্রেমে মাতোয়ারা হয়ে চাঁদগৌর কোথায় গড়াগড়ি দিচ্ছিলেন ?

*(i)* বক্ষে

*(ii)* ব্রজের কুলে

*(iii)* হৃদ্‌মাঝারে

*(iv)* ধূলায়

(জ) মাঘমণ্ডল ব্রতের ছড়া কয়টি অঙ্কে বিভক্ত ?

*(i)* দুটি

*(ii)* তিনটি

*(iii)* চারটি

*(iv)* পাঁচটি

(ঝ) মাঘমণ্ডল ব্রতে সূর্যের সঙ্গে কার বিয়ের কথা বলা হয়েছে?

(i) হালামালা

(ii) সূর্যের বোন

(iii) চন্দ্রকলা

(iv) নটী

(ঞ) পুণ্যিপুকুর ব্রত কোন্ মাসে উদ্‌যাপন করা হয়?

(i) বৈশাখ

(ii) আষাঢ়

(iii) ভাদ্র

(iv) আশ্বিন

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।

(খ) ছোটরানির ছেলে হবে শুনে রাজার প্রতিক্রিয়া কীরূপ হয়েছিল? তিনি কী ঘোষণা করেছিলেন?

(গ) লোকসংগীতের দুটো বৈশিষ্ট্য লেখো।





(ঘ) "কোনদিন খাঁচা পড়বে খসে,"—পংক্তিটি কার গানে রয়েছে? বক্তার মতে খাঁচাটি কী দিয়ে তৈরি ছিল?

(ঙ) পুণ্যিপুকুর ব্রতটি কেন করা হয়? ব্রতটির ক্রিয়া কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **চারটির** উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে রানির হিংসুটে দুই বোন রানির ছেলেমেয়েদের সঙ্গে যা করেছিল তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"আট কুঠুরী নয় দরজা আটা
মধ্যে মধ্যে ঝরকা কাঁটা।
তার উপরে সদর কোঠা,
আয়নামহল তায়।"

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"সারা জনম উজান বাইলা
ভাটির নাগাল পাইলাম না
আমি আর বাইতে পারলাম না॥"

(ঙ) লাউলের পালার কাহিনিটি সংক্ষেপে লেখো।

(চ) তোমার অধীত পাঠ অবলম্বনে সূর্যের বিয়ের পালাটির বিষয়ে যা জান তা লেখো।

৪। (ক) মায়াপাহাড়ে গিয়ে অরুণ-বরুণের কী হয়েছিল? সেই অবস্থা থেকে তারা কীভাবে উদ্ধার পেয়েছিল তা নিজের ভাষায় লেখো। ৪+৬=১০

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা কীভাবে তাঁর সাত রাজপুত্র আর পারুল মেয়েকে খুঁজে পেয়েছিলেন সেই ঘটনাটি বিশদভাবে লেখো। ১০

৫। (ক) টীকা লেখো : ৫+৫=১০

বাউল গান ও ভাটিয়ালি গান

*অথবা*

(খ) 'তোমায় হৃদ্মাঝারে রাখিবো ছেড়ে দেবো না' গানটির অন্তর্নিহিত অর্থটি সুস্পষ্টভাবে ব্যক্ত করো। ১০

৬। (ক) কোজাগর ব্রত সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ব্রতকথা বিষয়ে একটি সাধারণ আলোচনা করো।





৭। (ক) রূপকথা কাকে বলে? 'কিরণমালা' গল্পটিকে রূপকথা বলা যায় কি না সে বিষয়ে আলোচনা করো। ৩+৭=১০

*অথবা*

(খ) তোমার অধীত পাঠ অবলম্বনে একটি ভাটিয়ালি গানের সম্পূর্ণ আলোচনা করো। ১০

★★★